# সাতক্ষীরা পৌরসভা
## সাতক্ষীরা

| | | |
|---|---|---|
| বিষয় | ঃ | জুলাই/২০২০ মাসের মাসিক সাধারন সভার কার্যবিবরণী। |
| তারিখ | ঃ | ২৭.৭.২০২০ ইং। |
| বার | ঃ | সোমবার। |
| সময় | ঃ | বেলা ১১:০০ টা। |
| সভাপতি | ঃ | **জনাব মোঃ তাজকিন আহমেদ,মেয়র,সাতক্ষীরা পৌরসভা।** |
| উপস্থিতি | ঃ | ১৩(তের) জন। |

| ক্রমিক | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ তাজকিন আহমেদ,মেয়র, সাতক্ষীরা পৌরসভা | (স্বাক্ষরিত) |
| ০২ | জনাব জ্যোৎস্না আরা,মহিলা কাউন্সিলর,১,২,৩নং ওয়ার্ড,সাতক্ষীরা পৌরসভা | " |
| ০৩ | জনাব অনিমা রাণী মন্ডল,মহিলা কাউন্সিলর,৪,৫,৬নং ওয়ার্ড,সাতক্ষীরা পৌরসভা | " |
| ০৪ | জনাব ফারহাদীবা খান সাথী, মহিলা কাউন্সিলর,৭,৮,৯নং ওয়ার্ড,সাতক্ষীরা পৌরসভা | " |
| ০৫ | জনাব মোঃ আব্দুস সেলিম,কাউন্সিলর,১নং ওয়ার্ড,সাতক্ষীরা পৌরসভা | " |
| ০৬ | জনাব সৈয়দ মাহমুদ পাপা,কাউন্সিলর,২নং ওয়ার্ড,সাতক্ষীরা পৌরসভা | " |
| ০৭ | জনাব শেখ আব্দুস সেলিম,কাউন্সিলর,৩নং ওয়ার্ড,সাতক্ষীরা পৌরসভা | " |
| ০৮ | জনাব কাজী ফিরোজ হাসান,কাউন্সিলর,৪নং ওয়ার্ড,সাতক্ষীরা পৌরসভা | " |
| ০৯ | জনাব মোঃ শাহিনুর রহমান,কাউন্সিলর,৫নং ওয়ার্ড,সাতক্ষীরা পৌরসভা | " |
| ১০ | জনাব মোঃ শহিদুল ইসলাম,কাউন্সিলর,৬নং ওয়ার্ড,সাতক্ষীরা পৌরসভা | " |
| ১১ | জনাব শেখ জাহাঙ্গীর হোসেন(কালু), কাউন্সিলর, ৭ নং ওয়ার্ড, সাতক্ষীরা পৌরসভা | " |
| ১২ | জনাব মোঃ শফিকুল আলম বাবু,কাউন্সিলর, ৮নং ওয়ার্ড,সাতক্ষীরা পৌরসভা | " |
| ১৩ | জনাব শেখ শফিক-উদ-দৌলা,কাউন্সিলর, ৯নং ওয়ার্ড,সাতক্ষীরা পৌরসভা | " |

শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

**আলোচ্য সূচী ০১ ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।**

আলোচনাঃ অতঃপর সভাপতির অনুমতিক্রমে পৌরসভার সচিব জনাব মোঃ সাইফুল ইসলাম বিশ্বাস গত ২৯.৬.২০২০ইং তারিখ অনুষ্ঠিত সাতক্ষীরা পৌরসভার জুন/২০২০ মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কোন আপত্তি উত্থাপিত হয়নি।

সিদ্ধান্ত ঃ কোন আপত্তি উত্থাপিত না হওয়ায় জুন/২০২০ মাসের সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

**আলোচ্য সূচী ০২ ঃ জুন/২০২০ মাসের আয় ও ব্যয়ের হিসাব অনুমোদন।**

আলোচনা ঃ সভাপতির অনুমতিক্রমে পৌরসভার হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব আকতার হোসেন তালুকদার জুন/২০২০ মাসের অত্র পৌরসভার আয় ও ব্যয়ের হিসাব বিবরণী সভায় উপস্থাপন করেন। যার সারাংশ নিম্নরূপ ঃ

| শাখার নাম | আয় | ব্যয় |
|---|---|---|
| সাতক্ষীরা পৌরসভা (পানি সরবরাহ শাখা ব্যতীত) | ১,১৪,৮৯,০৪১.০০ | ৪১,২৫,১৬৮.০০ |
| সাতক্ষীরা পৌরসভা (উন্নয়ন সহায়তা তহবিল) | ২৯,২৫,০০০.০০ | ১১,৬২,০৬৭.০০ |
| পানি সরববাহ শাখা | ১৯,১০,৩৬২.৬২ | ৭,২৯,৪১৩.৯৩ |

এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় সকলে অংশগ্রহন করেন।

সিদ্ধান্ত ঃ সর্বসম্মতিক্রমে সাতক্ষীরা পৌরসভার জুন/২০২০ মাসের আয় ও ব্যয়ের বিবরণী গৃহীত ও অনুমোদিত হয়।

**আলোচ্য সূচী ০৩ ঃ উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি ও সমস্যা পর্যালোচনা।**

**আলোচনা ঃ** সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব নাজমুল করিম সভাকে জানান,

১। ২০১৮-১৯ইং অর্থবছরে উন্নয়ন সহায়তা তহবিল ও রাজস্ব তহবিলের আওতায় বাস্তবায়নের জন্য ৭টি প্যাকেজের দরপত্র আহবান করা হয় যার মধ্যে ৬টি কাজ শেষ হয়েছে এবং ১টি কাজ চলমান।

২। ২০১৯-২০ অর্থবছরের রাজস্ব তহবিলের আওতায় **সাতক্ষীরা শহরের বিভিন্ন রাস্তা সংস্কারের জন্য এক লক্ষ ইট সরবরাহ গ্রহন করার কাজ চলমান রয়েছে।**

৩। ২০২০-২১ইং অর্থবছরে উন্নয়ন সহায়তা তহবিল ও রাজস্ব তহবিলের আওতায় বাস্তবায়নের জন্য দরপত্র আহবান করা আবশ্যক। এজন্য বিভিন্ন ওয়ার্ডের খসড়া প্রকল্প তালিকা সভায় পেশ করা হয়।

৪। গুরুত্বপূর্ণ নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্পের (২য় পর্যায়) আওতায় চলমান একটি প্যাকেজের কাজ শেষ হয়েছে। একই প্রকল্পের আওতায় ৪,৭৮,০০,০০০/-(চার কোটি আটাত্তুর লক্ষ)টাকার আরও ৭টি প্যাকেজের মধ্যে ৩টি প্যাকেজের কাজ

শেষ হয়েছে এবং ৪টির কাজ চলমান। অগ্রগতি ৮৫%। একই প্রকল্পের আওতায় ৭টি প্যাকেজের ১৮টি স্কিমের দরপত্র আহবান করা হয় গত ২২.৭.২০২০ তারিখ ৬টি প্যাকেজের দরপত্র দাখিল হয়েছে এবং ২৮.৭.২০২০ তারিখ অবশিষ্ঠ ১টি প্যাকেজের দরপত্র দাখিলের দিন ধার্য আছে।

৫। সাতক্ষীরা নিউমার্কেট নির্মানের জন্য স্থানীয় সরকার বিভাগ হতে প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়েছে। নিউমার্কেটের ডিজাইন এবং প্রাক্কলন প্রস্তুতের জন্য কনসালটিং ফার্ম এন ডিজাইন ড্রাফট ফাইনাল রিপোর্ট জমা প্রদান করেছে যা জেলা প্রশাসকের কার্যালয়ের উন্নয়ন সমন্বয় কমিটির সভায় সকল দপ্তরের প্রতিনিধির উপস্থিতিতে প্রদর্শন করা হয়েছে। ওজোপাডিকো এবং জেলা পুলিশের ছাড়পত্র পাওয়া গিয়েছে। পাশাপাশি ফায়ার সার্ভিস ও পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রের জন্য আবেদন করা হয়েছে।

এসকল বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় সকলে অংশগ্রহন করেন।

সিদ্ধান্ত ঃ ০১। ২০১৮-১৯ইং অর্থবছরে উন্নয়ন সহায়তা তহবিলের চলমান কাজটি দ্রুত শেষ করতে হবে।

০২। ২০১৯-২০ অর্থবছরের রাজস্ব তহবিলের আওতায় **সাতক্ষীরা শহরের বিভিন্ন রাস্তা সংস্কারের জন্য এক লক্ষ ইট সরবরাহ গ্রহন করার কাজটি দ্রুত শেষ করতে হবে।**

০৩। ২০২০-২১ইং অর্থবছরে উন্নয়ন সহায়তা তহবিল ও রাজস্ব তহবিলের আওতায় বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত প্রকল্পসমূহ এবং প্রাক্কলণ দরপত্র আহবান করার জন্য চুড়ান্ত করা হল এবং দ্রুত দরপত্র আহবান করতে হবে।

| ক্রঃ | প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় | সিডিউলের মূল্য |
|---|---|---|---|
| ১ | (১) কাটিয়া মাঠপাড়া নবনূর প্রাইমারী স্কুল হতে সিসি রাস্তার মুখ পর্যন্ত রাস্তা সি সি ঢালাই করন।(২) কাটিয়া মাঠপাড়া ভুধর প্রফেসরের বাড়ী হতে খালেক ভায়ের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি ঢালাই করন(৩) কাটিয়া মাঠপাড়া কেসমত আপার বাড়ীর সম্মুখের রাস্তা সি সি ঢালাই করন(৪) কাটিয়া বিউটি হোটেলের পাশের ড্রেনের উপর আরসিসি স্ল্যাব নির্মান করন। | ১২,১৩,০০০.০০ | ১২০০/= |
| ২ | (১) কাটিয়া সরকার পাড়া শ্যামল বাবুর বাড়ী হতে মৃতঃ রতন বাবুর বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং ও ড্রেন নির্মান (২) মুন্সিপাড়া মোহর চাচার বাড়ী হতে তালিম ভায়ের পর্যন্ত ড্রেন নির্মান(৩) রাজারবাগান মোদাছের নায়েবের হতে রফিকুল ভায়ের বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং (৪) কাটিয়া মাঠপাড়া (ভোকেশনালের পিছনে) সবুজ ভাইয়ের বাড়ির সামনের ড্রেন নির্মান করন(৫) কাটিয়া মিল বাজার নূর আলী সরদারের বাড়ী হতে (শের আলী ভাই) মজিদ ভায়ের বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং করন। | ১৩,১৬,০০০.০০ | ১৩০০/= |
| ৩ | (১) পুরাতন সাতক্ষীরা আলিয়া মাদ্রাসা পাড়ার আবু সাইদ ভাইয়ের বাড়ী হতে সাইফুল্লার বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং(২) পুরাতন সাতক্ষীরা কলপাড়া মতিয়ার ভায়ের বাড়ী হতে জালাল নিকারী বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং(৩) পুরাতন সাতক্ষীরা আলিয়া মাদ্রাসা কলপাড়া রশিদ মাষ্টারের বাড়ীর কর্ণারে কালভার্ট নির্মান(৪) পুরাতন সাতক্ষীরা কবিরাজ মোড় হতে আতিয়ার-মতিয়ারের বাড়ী পর্যন্ত ড্রেন নির্মান(৫) পুরাতন সাতক্ষীরা বদ্দীপুর ঋষিপাড়া নজরুল ভাইয়ের বাড়ী হতে ইউসুপের বাড়ী, তালতলা রাকিবের বাড়ী হতে গফুর এর বাড়ী, তালতলা জাফর এর বাড়ী হতে শামসুরের বাড়ী, সিদ্দিক গাজী বাড়ী হতে আমজাদ এর বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং(৬)পুরাতন সাতক্ষীরা ঘুড্ডেরডাংঙ্গী মাঠপাড়া মেইন রোড হতে মোসলেম ভাইয়ের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি ঢালাই(৭) দক্ষিণ মুন্সিপাড়া মীর আকরাম আলী সড়ক( বিটু ভাই) সোলিং করন। | ১১,৭৩,০০০.০০ | ১২০০/= |
| ৪ | (১) কাঁঠালতলা জামে মসজিদের সম্মুখের রাস্তা সি সি ঢালাই করন।(২)সুলতানপুর ঝিলপাড়া অগস্টিন দাদার বাড়ী হইতে মেইন রাস্তা পর্যন্ত সি সি ঢারাই ও ড্রেন নির্মানকরন। | ১৪,২৯,০০০.০০ | ১৪০০/= |
| ৫ | (১) বাটকেখালী করমন্ডলের পশ্চিম পাশে কুরবান হোটেলের বাড়ী হতে কেসমতের বাড়ী পর্যন্ত ড্রেন নিমান (২) বাটকেখালী করমন্ডলের পাশে ফতেমা আপার বাড়ীর পাশে ড্রেন নির্মান (৩) গড়েরকান্দা বায়তুন নূর জামে মসজিদ ঈদগাহের পিছনে রাস্তা সোলিং (৪) গড়েরকান্দা হাশেম শেখের বাড়ীর সামনের রাস্তা সোলিং (৫) মিয়া সাহেবেরডাংগী মেইন রোড হতে মাজেদ এর বাড়ী অভিমুখে রাস্তা সি সি ঢালাই করন। | ১২,৪৭,০০০.০০ | ১২৫০/= |
| ৬ | (১) টাবারডাংগী সিরাজুলের বাড়ী হতে কালামের বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং (২) কুখরালী মান্নান কবিরাজ এর বাড়ী হতে জবেদ আলী ভঅয়ের বাড়ী পর্যন্ত ড্রেন নির্মান(৩) দৌলতপুর শহিদুলের বাড়ী হতে কওসার গাজীর বাড়ী পর্যন্ত এবং দৌলতপুর ফাইজুর মাষ্টার এর বাড়ী হতে আমজাদ এর বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং (৪) কুখরালী বসিরের দোকান হতে ওমেদ ভায়ের দোকান পর্যন্ত রাস্তা সোলিং করন | ১১,৪৯,০০০.০০ | ১১৫০/= |
| ৭ | (১) রসুলপুর কদমতলা সাপ্লাই কল হতে হায়দারের বাড়ী পর্যন্ত ড্রেন নির্মান করন(২) পলাশপোল গোলাম নবী মুহুরীর বাড়ীর সামনের রাস্তা সি.সি ঢারাই করন (৩) সিটি কলেজের পশ্চিম পাশ হতে উত্তর মেহেদীবাগ মসজিদ পর্যন্ত রাস্তা সোলিং করন(৪)রসুলপুর মেগেদিবাগ টিভি সেন্টারের পশ্চিম পার্শ্বে আফিল উদ্দীন নায়েবের বাড়ীর সম্মুখের রাস্তা সোলিং করন (৫) রসুলপুর বিলকিস আপার বাড়ীর সামনে রাস্তা সোলিং করন(৬) ইটাগাছা করিম মাস্টারের বাড়ী হতে কুখরালী মোড় পর্যন্ত ড্রেন নির্মান করন। | ১৬,৮৬,০০০.০০ | ১৭০০/= |
| ৮ | (১) দক্ষিণ পলাশপোল সাতক্ষীরা ডেকোরেটর হইতে মেসের এর বাড়ী পর্যন্ত রাস্তা সি সি ঢালাই করন(২) কামালনগর এনায়েত করিম সাহেবের রাস্তা সি সি ঢালাই করন। | ১৭,২০,০০০.০০ | ১৭০০/= |
| ৯ | পৌরসভার ০৯টি ওয়ার্ডে বিভিন্ন বৈদ্যুতিক খুঁটিতে সেড সহ এলইডি বৈদ্যুতিক বাতি সরবারহ করন। | ২৫,৩৯,০০০.০০ | ২৫০০/= |
| ১০ | (১) কাটিয়া মাঠপাড়া শানুর বাড়ী হতে হোসেন ঢালীর বাড়ী পর্যন্ত রাস্তা সি সি ঢালাই করণ (২) কাটিয়া মাঠপাড়া ঢালাই রাস্তার মুখ হতে ময়না ভায়ের বাড়ী পর্যন্ত রাস্তা সি সি ঢালাই করণ (৩) কাটিয়া মাঠপাড়া মোনাজাত ঢালীর বাড়ী হতে জুলফিকার ভায়ের বাড়ী পর্যন্ত রাস্তা সি সি ঢালাই করন। (৪) কাটিয়া সরকার পাড়া কৌশিক ভায়ের বাড়ী হতে রামপ্রাসাদের বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং করন (৫) কাটিয়া লস্করপাড়া ইটের সোলিং মুখ হতে আশিক হাসান এর বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং করন(৬) পুরাতন সাতক্ষীরা জুলু ভাইয়ের বাড়ীর পাশে সোলিং ও কালভার্ট নির্মান করণ (৭) পুরাতন সাতক্ষীরা মহিলা মাদ্রাসার পাশের রাস্তা সোলিং করন (৮) মুনজিতপুর ইমদাদ চৌধুরীর বাড়ীর সম্মুখে হতে জাতীয় মহিলা সংস্থা অফিস পর্যন্ত রাস্তা সোলিং করন(৯) মধ্য কাটিয়া জাকির এর বাড়ী হইতে ঝর্ণা আপার বাড়ী পর্যন্ত রাস্তা সি সি ঢালাই করন(১০)রসুলপুর বায়তুলনুর জামে মসজিদ সংস্কার করন। | ১১,৫৫,০০০.০০ | ১২০০/= |

| | | | |
|---|---|---|---|
| ১১ | (১) রাজারবাগান পূর্বপাড়া জিন্নার বাড়ী হতে আব্দুল আজিজের বাড়ী ভায়া জাহিদ ভায়ের বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং লিংক আজাহারুল ভাইয়ের বাড়ী পর্যন্ত সোলিং (২) রাজারবাগান হুজুরের বাড়ী হতে রাজ্জাকের বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং ও ড্রেন নির্মান (৩) সুলতানপুর শাহাপাড়া মন্দিরের কর্ণার হতে গৌতম বাবুর বাড়ী পর্যন্ত রাস্তা সিসি ঢালাই করন(৪) সুলতানপুর শাহীন ভাই এর বাড়ী হতে আনিকাহ সাইকেল ষ্টোর পর্যন্ত রাস্তা সি সি ঢালাই করন (৫)কুখরালী দক্ষিনপাড়া জামে মসজিদ সংস্কার করন। | ১২,২২,০০০.০০ | ১২০০/= |
| ১২ | (১) আলিয়া মাদ্রাসা খাদেমুল মিস্ত্রির বাড়ীর সামনে কালভার্ট নির্মান(২) পুরাতন সাতক্ষীরা রফিকুল ভায়ের (তরকারী বিক্রেতা) বাড়ী হতে কামরুলের বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং (৩) পুরাতন সাতক্ষীরা আবুল কসাই হতে আনিস কসাই এর বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং (৪) পুরাতন সাতক্ষীরা হালিম এন্টারপ্রাইজ হতে আনিস ভায়ের বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং (৫)পুরাতন সাতক্ষীরা আলিয়া মাদ্রসার মোড়ে ড্রেন নির্মান(৬) পুরাতন সাতক্ষীরা সরলাপাড়া ডাঃ হাফিজের বাড়ীর সামনে ড্রেন নির্মান(৭)পুরাতন সাতক্ষীরা সরলাপাড়া মেইন রোড হতে ইউনুসের বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং(৮) ইটাগাছা বটতলা মোড় হতে বাবুলের বাড়ী পর্যন্ত রাস্তা সি সি ঢালাই করন। | ১২,৯৭,০০০.০০ | ১৩০০/= |
| ১৩ | (১) কামালনগর এ্যাড. সাগরের বাড়ীর সামনের রাস্তা সোলিং ও ড্রেন নির্মান করন(২)কামালনগর ক্লাব সংস্কার করন। | ১৫,৩৮,০০০.০০ | ১৫০০/= |
| ১৪ | (১) রইচপুর মাঝের পাড়া মাওলানা আঃ রহিম ভায়ের বাড়ী হতে আঃ আহাদের বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং(২)বাগানবাড়ী জামে মসজিদ সংস্কার করন(৩)খড়িবিলা পূর্বপাড়া বায়তুন নুর জামে মসজিদ সংস্কার করন(৪)পুরাতন সাতক্ষীরা মদিনা মসজিদ সংস্কার করন(৫)পারকুখরালী পাঞ্জেগানা জামে মসজিদ সংস্কার করন(৬) পারকুখরালী সরদারপাড়া জামে মসজিদের রাস্তা সি সি ঢালাই করন। | ৮,৭১,০০০.০০ | ৯০০/= |
| ১৫ | (১) বাগানবাড়ী জরিনার বাড়ী হতে আলী হোসেনের বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং (২) মিয়া সাহেবের ডাঙ্গী মেইন রাস্তা হতে অমেদ আলীর বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং (৩) বাটকেখালী কারিমা স্কুলের পিছনের রাস্তা সোলিং (৪) পারকুখরালী রবিউল ভায়ের পুকুরে ঘাট নির্মান(৫) বাগানবাড়ী মঈনুদ্দীন বাড়ী হতে মিজানের বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং(৬) বাগানবাড়ী আফদারের বাড়ী হতে সবুরের বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং(৭) বাটকেখালী মিজান মিস্ত্রির বাড়ীর সামনের রাস্তা সোলিং(৮) মিয়া সাহেবেরডাঙ্গী গোলাম রহমান ভাইয়ের বাড়ী হতে আতিয়ার ভায়ের বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং(৯) পলাশপোল পার্সপোট অফিস হতে বাজার কোলকাতা পর্যন্ত রাস্তা ডেন্স কার্পেটিং | ১৩,৭৫,০০০.০০ | ১৪০০/= |
| ১৬ | (১) কুখরালী আয়ুব ভাইয়ের বাড়ী হতে আরিজুলের বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং (২) টাবরারডাঙ্গী রউফ ভায়ের বাড়ী হতে আরশাদ ভায়ের বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং (৩) টাবরারডাঙ্গী মেইন রোড মাগফর ভায়ের বাড়ী হতে লিয়াকত ভায়ের বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং (৪)দৌলতপুর জামে মসজিদ হতে কামরুল ভায়ের বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং(৫)কুখরালী রেজা ভায়ের বাড়ীর সামনে রাস্তা সোলিং করণ(৬) বাঁকাল মেইন রোড হতে জামে মসজিদ অভিমুখে রাস্তা আর সি সি ঢালাই করণ (৭) বাঁকাল রমজান আলী সড়কের পাশে কালভার্ট নির্মান (৮) কুখরালী আল মসজিদুল রিয়াজুল জিন্নাহ জামে মসজিদের রাস্তা সোলিং(৯) বাঁকাল ইসলামপুর-২ ওয়াপদা পিচ হতে মসজিদ অভিমুখে রাস্তা সোলিং (১০) দৌলতপুর কালী ও দূর্গামন্দির প্লাস্টার করন। | ১৩,৪১,০০০.০০ | ১৩০০/= |
| ১৭ | (১) মেহেদীবাগ মানবকল্যাণ সংস্থার পাশে ওয়াদুদ ভাই এর বাড়ী হতে সামাদ মাষ্টারের বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং(২) পলাশপোল রাকিব হুজুরের বাড়ী হতে জলিল ভায়ের দোকান পর্যন্ত ড্রেন নির্মান (৩) পলাশপোল কালিমন্দির সম্মুখ হতে পাকা ড্রেন পর্যন্ত ড্রেন নির্মান (৪) বাস টার্মিনাল আমিনিয়া মসজিদের উত্তর পাশ্বের রাস্তা সোলিং (৫) মধুমল্লারডাংগী বড় খোকার বাড়ী হতে খোরশেদ ভায়ের বাড়ীর সামনের রাস্তা সোলিং (৬) কামালনগর মৃত আবু সাইদ ভায়ের বাড়ীর পাশের রাস্তা সি সি ঢালাই করন (৭) খড়িবিলা ডাঃ আফতাবুজ্জামান সাহেবের রাস্তা সোলিং (৮) পৌর জামে মসজিদের বাইরের ওয়াল টাইলাস করন। | ১৪,৪১,০০০.০০ | ১৪০০/= |

০৪। গুরুত্বপূর্ণ নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় চলমান এবং অবশিষ্ঠ কাজসমূহ দ্রুত শেষ করতে হবে। পাশাপাশি চলমান দরপত্র কার্যক্রম দ্রুত শেষ করতে হবে।

০৫। সাতক্ষীরা নিউমার্কেট নির্মানের জন্য স্থানীয় সরকার বিভাগ হতে প্রাপ্ত প্রশাসনিক অনুমোদনের নির্দেশনা অনুযায়ী ডিজাইন ও প্রাক্কলন অনুমোদনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে হবে।

**সিদ্ধান্ত বাস্তবায়নকারী ঃ** মেয়র,নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পৌরসভা।

**আলোচ্য সূচী ০৪ ঃ সাতক্ষীরা পৌরসভার UGIAP বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।**

আলোচনা ঃ অতপর পৌরসভার UGIAP বাস্তবায়ন বিষয়ে সভাকে জানান হয় মার্চ-জুন/২০২০ কোয়ার্টারে সাতক্ষীরা পৌরসভায় TLCC সভা, TLCC বিশেষ বাজেট, সভা WC সভাসমূহ, পৌরসভা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির ত্রৈমাসিক সভা ও জেন্ডার কমিটির সভাসমুহ নিয়মিতভাবে অনুষ্ঠিত হয়েছে। যাবতীয় রিপোর্টসমূহ যথারীতি নির্দিষ্ট কর্তৃপক্ষ বরাবর প্রেরন করা হয়েছে। উল্লিখিত সভাসমুহের কার্যবিবরণী পাঠ করে শুনান হয়। উপস্থিত কাউন্সিলরগণ এসব বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং বর্ণিত কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন।

সিদ্ধান্ত ঃ ০১। প্রকল্পের আওতায় সকল সভার কার্যবিবরনী গৃহীত ও অনুমোদিত হয়। আগামীতে মাসিক ও ত্রৈমাসিক রিপোর্টিসমূহ যথাযথ কর্তৃপক্ষ বরাবর নিয়মিত প্রেরণের ব্যবস্থা নিতে হবে।

**সিদ্ধান্ত বাস্তবায়নকারীঃ** মেয়র, সচিব, নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পৌরসভা।

আলোচ্য সূচী ০৫ ঃ সাতক্ষীরা পৌরসভায় সিআরআইএম প্রকল্প বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।

**আলোচনা ঃ** মাননীয় মেয়র মহোদয় সভাকে জানান সিআরআইএম প্রকল্পের আওতায় জার্মান দাতা সংস্থা কেএফডব্লিউ এর সহায়তায় সাতক্ষীরা শহরে সিআরআইএম প্রকল্পের আওতায় যোগদানকৃত প্রকৌশলবৃন্দ সাতক্ষীরা পৌর এলাকার বিভিন্ন ওয়ার্ডের রাস্তা ও ড্রেন সরেজমিনে মাপ জরিপের কাজ করছেন। উপস্থিত কাউন্সিলরগণ এসকল বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্ত ঃ (ক) প্রকল্পের কাজে সকলে সহায়তা প্রদান করবে।

**সিদ্ধান্ত বাস্তবায়নকারী ঃ** মেয়র, কাউন্সিলরবৃন্দ, সচিব, নির্বাহী প্রকৌশলী, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, সাতক্ষীরা পৌরসভা।

**আলোচ্য সূচী ০৬ ঃ বিভিন্ন সংস্থার নিকট পৌরসভার দায় দেনা পরিশোধের অগ্রগতি সম্পর্কে আলোচনা প্রসঙ্গে।**

আলোচনা ঃ সভাপতির অনুমতিক্রমে পৌরসভার সচিব সভাকে জানান বর্তমানে বিভিন্ন সংস্থা ও ব্যক্তি পর্যায়ে সাতক্ষীরা পৌরসভার নিম্নরুপ দায়-দেনা রয়েছে।

| ক্রমিক | খাত/সংস্থা/পাওনাদার | দায়/দেনার পরিমান |
|---|---|---|
| ১. | বিদ্যুৎ বিল (পানি সরবরাহ শাখা) | ৪,৮৫,৪১,৮৫৮.০০ |
| ২. | টেলিফোন বিল | নেই |
| ৩. | পৌরসভায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের আনুতোষিক তহবিল বাবদ। | ৬,৫৬,৫৯,৯৬৫.০০ |

এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় সকলে অংশগ্রহ ন করেন।

সিদ্ধান্ত ঃ দ্রততম সময়ের মধ্যে পৌর পানি সরবরাহ শাখার বিদ্যুৎ বিল এবং পৌরসভায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের আনুতোষিক তহবিল বাবদ বকেয়া টাকা প্রতি মাসে কর্মপরিকল্পনা অনুযায়ী কিস্তি করে পর্যায়ক্রমে পরিশোধ করতে হবে।

**সিদ্ধান্ত বাস্তবায়নকারী ঃ** মেয়র, সচিব, সাতক্ষীরা পৌরসভা।

**আলোচ্য সূচী ০৭ ঃ সাতক্ষীরা পৌরসভার বিভিন্ন স্থায়ী কমিটির কার্যক্রম সম্পর্কে আলোচনা প্রসঙ্গে।**

আলোচনা ঃ মাননীয় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সাতক্ষীরা পৌরসভার স্থায়ী কমিটির সভাপতিবৃন্দ পর্যায়ক্রমে স্ব স্ব কমিটির পক্ষে তাঁদের নিজ নিজ কমিটির চলতি মাসের সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শুনান। এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় সকলে অংশগ্রহন করেন।

সিদ্ধান্ত ঃ স্থায়ী কমিটির কার্যবিবরনী সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

**সিদ্ধান্ত বাস্তবায়নকারীঃ মেয়র,** কাউন্সিলরবৃন্দ, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, সাতক্ষীরা পৌরসভা।

**আলোচ্য সূচী ০৮ ঃ সাতক্ষীরা পৌরসভার পৌরকর আদায় এবং অন্তবর্তীকালীন কর নির্ধারণ সম্পর্কে আলোচনা।**

আলোচনা ঃ সভাপতির অনুমতিক্রমে পৌরসভার সচিব সভাকে জানান সাতক্ষীরা পৌরসভায় জুন/২০২০ মাসে সাতক্ষীরা পৌরসভায় আদায়কৃত পৌরকরের পরিমান ৬৫,৫০,৭৩০/(পঁয়সট্টি লক্ষ পঞ্চাশ হাজার সাতশত ত্রিশ) টাকা এবং অন্তবর্তীকালীন কর নির্ধারনের সংখ্যা ১৭(সতের)টি। এছাড়া আগামী বাংলা ১৪২৭ বছরের জন্য সাতক্ষীরা পৌরসভাধীন হাট-বাজারসমূহ, কসাইখানা, বাসটার্মিনাল ইত্যাদি ইজারা প্রদানের জন্য দরপত্র আহবান করা হয়েছে। এর মধ্যে অন্য সকল বাজার ও টার্মিনালে কাঙ্খিত দর পাওয়া যাওয়ায় সর্বোচ্চ দরদাতার অনুকূলে ইজারা প্রদান করা হয়েছে। কিন্তু সাতক্ষীরা সুলতানপুর কাঁচাবাজার(তরকারী ও ফল) কাঙ্খিত দর পাওয়া যায়নি। এমনকি করোনা ভাইরাস এর কারণে টেন্ডার কার্যক্রম চলমান রাখা যাচ্ছে না। এসকল বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ ১। পূর্ববর্তী বছরের ন্যায় চলতি বছরেও আদায় কার্যক্রম বহাল রাখতে হবে এবং নতুন বাড়ি নির্মান হওয়ার সাথে সাথে তা অর্ন্তবর্তীকালীন পৌরকর নির্ধারনের আওতায় আনতে হবে। হাট-বাজার ইজারার বকেয়া, লিজ, খাজনা, বিলবোর্ড, ট্রেড-লাইসেন্স, পানির বিল আদায়ে গতি বৃদ্ধি করতে হবে। আগামী বাংলা ১৪২৭ বছরের জন্য সাতক্ষীরা পৌরসভাধীন সাতক্ষীরা সুলতানপুর কাঁচাবাজার(তরকারী ও ফল) বাজারে ইজারা প্রদান কার্যক্রম চলমান রাখা না যাওয়ায় খাস আদায়ের পাশাপাশি শীঘ্রই মুক্ত ডাকের মাধ্যমে ইজারা প্রদানের উদ্যোগ গ্রহন করতে হবে। নতুন বাড়ি নির্মানের ক্ষেত্রে পৌরসভা হতে অনুমোদন বাধ্যতামূলক করতে হবে।

**সিদ্ধান্ত বাস্তবায়নকারীঃ** মেয়র, সচিব, কর নির্ধারক, কর আদায়কারী, সার্ভেয়ার, সাতক্ষীরা পৌরসভা।

**আলোচ্যসূচী ৯ ঃ পৌরসভার কর্মকর্তা-কর্মচারীদের কর্মদক্ষতা পর্যালোচনা প্রসঙ্গে।**

আলোচনা ঃ সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌরসভার সচিব জনাব মোঃ সাইফুল ইসলাম বিশ্বাস সাতক্ষীরা পৌরসভায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের কর্মক্ষমতা বিষয়ে বিগত মাসের প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। এবিষয়ে সকলে আলোচনায় অংশগ্রহন করেন।

সিদ্ধান্ত ঃ (ক) কর্মকর্তা-কর্মচারীদের অফিসের দায়িত্ব পালনে আরও সচেষ্ট হতে হবে।
(খ) নাগরিক সেবা প্রদানে কর্মকর্তা-কর্মচারীদের আরও দায়িত্ববান হতে হবে।

**সিদ্ধান্ত বাস্তবায়নকারী ঃ** সচিব, নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পৌরসভা।

**আলোচ্যসূচী ১০ ঃ করোনা ভাইরাস(কোভিড-১৯) এবং ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলা প্রসঙ্গে।**

আলোচনা ঃ সভাপতি মহোদয় সভাকে জানান সারা বিশ্বের ন্যায় বাংলাদেশে এমনকি সাতক্ষীরা আজ করোনা আতঙ্কে রয়েছে। করোনা পরিস্থিতি বর্তমান বর্ষা মৌসুমে ডেঙ্গু মোকাবেলায় সরকার নানা পদক্ষেপ গ্রহন করছে। সরকারের কাজে সহযোগিতার পাশাপাশি স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে সাতক্ষীরা পৌরসভাকে এগিয়ে আসা দরকার। এসকল বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় সকলে অংশগ্রহন করেন।

সিদ্ধান্ত ঃ (ক) উন্নয়ন সহায়তা তহবিল হতে প্রাপ্ত অর্থ দ্বারা শহরের রাস্তাকে জীবাণুমুক্ত করাসহ পরিস্কার-পরিচ্ছন্নতা এবং বর্ষা মৌসুমে ডেঙ্গু মোকাবেলায় প্রাণসায়ের খাল পরিস্কারে প্রয়োজনীয় লেবার নিয়োগসহ যাবতীয় উদ্যোগ গ্রহন করতে হবে।

**সিদ্ধান্ত বাস্তবায়নকারী ঃ** সচিব, নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পৌরসভা।

**আলোচ্যসূচী ১১ ঃ মুজিব শতবর্ষ পালন প্রসঙ্গে।**

আলোচনা ঃ মাননীয় মেয়র মহোদয় সভাকে জানান হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী(মুজিব বর্ষ) উপলক্ষে সাতক্ষীরা শহরে ব্যাপক অনুষ্ঠানমালার আয়োজন করা হয়। এজন্য জেলা প্রশাসকের কার্যালয়ের স্মারক নং: ০৫.৪৪.৮৭০০.০০১.১৬.০০১.২০-১৭ তারিখ: ০১ মার্চ ২০২০ খ্রীঃ তে অনুরোধের প্রেক্ষিতে সাতক্ষীরা পৌরসভা হতে শহীদ আব্দুর রাজ্জাক পার্কে আধুনিক সাজ-সজ্জা করা হয়। সেখানে ৩,৬১,৫৩০(তিন লক্ষ একষট্টি হাজার পাঁচশত ত্রিশ) টাকা খরচ করা হয়েছে। এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় সকলে অংশগ্রহন করেন।

**সিদ্ধান্ত ঃ** (ক) হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী(মুজিব বর্ষ) উপলক্ষে সাতক্ষীরা শহরের শহীদ আব্দুর রাজ্জাক পার্কে আধুনিক সাজ-সজ্জায় পৌরসভার পক্ষ হতে যে ৩,৬১,৫৩০(তিন লক্ষ একষট্টি হাজার পাঁচশত ত্রিশ) টাকা খরচ হয়েছে তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদন করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

**(মোঃ তাজকিন আহমেদ)**
মেয়র
সাতক্ষীরা পৌরসভা
ফোনঃ (০৪৭১)৬৩৭১৪

স্মারক নং ঃ সাপৌ/মাঃসঃকার্যঃ/৩৮৩(৪০) তারিখ ঃ ২৭.৭.২০২০ ইং।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার,খুলনা বিভাগ,খুলনা।
৩। জেলা প্রশাসক,সাতক্ষীরা।
৪। প্রকল্প পরিচালকএলজিইডি ভবন(লেভেল-১২), শেরে বাংলা নগর, আগারগাও, ঢাকা-১২০৭।
৫। উপ-পরিচালক, আর.এম.এস.ইউ, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রূপসা স্ট্যান্ড রোড, খুলনা।
৬। জনাব..........................................................................,কাউন্সিলর,সাতক্ষীরা পৌরসভা।
৭। জনাব....................................,..............................,সাতক্ষীরা পৌরসভা।

মেয়র
সাতক্ষীরা পৌরসভা